# গুপ্তধন ব্রত

গুপ্তধন ব্রত সময় বা কাল- এই ব্রত প্রতিবছর চৈত্র মাসের মহাবিষুব সংক্রান্তি থেকে বৈশাখ মাসের সংক্রান্তি পর্যন্ত চার বছর পালন করার নিয়ম। এও স্ত্রী রায় এই ব্রত পালন করার অধিকারিনী।

গুপ্তধন ব্রতের দ্রব্য ও বিধান- এই ব্রত নিতে হয় চৈত্র মাসের মহাবিশুব সংক্রান্তির দিন, একজন ব্রাহ্মণ কে দিয়ে। প্রথম বছরে কোন মিষ্টির মধ্যে একটি দুয়ানি ভরে দিয়ে সারা বৈশাখ মাস প্রত্যেক দিন একজন ব্রাহ্মণ কে দিতে হবে।

দ্বিতীয় বছরের ওইভাবে মিষ্টির মধ্যে একটি সিকি ভরে দিয়ে সারা বৈশাখ মাস প্রত্যেকদিন একজন ব্রাহ্মণকে দান করবে।

এইভাবে তৃতীয় বছরে আধুলি আর শেষে বছরের মিষ্টির মধ্যে একটি পয়সা ভরে দিয়ে বৈশাখ মাসে সারা বছর ধরে প্রত্যেক দিন একজন ব্রাহ্মণকে দান করে যাওয়া প্রয়োজন।

চার বছর পুরো হওয়ার সময় বৈশাখ মাসের সংক্রান্তিতে চারজন ব্রাহ্মণকে নিমন্ত্রণ করে, তাদের ধুতি ও চাদর দিয়ে খুব যত্ন করে ভোজন করানোই বিধান।

অবশ্য সব ব্রাহ্মণকে যদি ধুতি ও চাদর দেয়া সামর্থ্য না হয়, তাহলে যে ব্রাহ্মণকে দিয়ে ব্রত নেয়া হয়েছে শুধুমাত্র তাকেই ধুতি, চাদর ,গামছা, ছাতা ,পাদুকা আর ষোল আনা দক্ষিণা দেবে।

অপর সব ব্রাহ্মণকে পরিতোষ করে ভোজন করিয়ে সাধ্যমত দক্ষিণা দিলেই চলবে।

Published on: Jan, 09 2023 14:13